দৈনিক জনকণ্ঠ

তারিখ 0 2 JUL 2007
পৃষ্ঠা 2 কলাম 2

৩৬ Report

### ব্রিটিশ কাউন্সিলে মেধা পরীক্ষা ১৩ জুলাই

# দরিদ্র ছাত্রছাত্রীদের লন্ডনে পড়ার জন্য বৃত্তি দিচ্ছে এ্যাসোসিয়েশন ফর হিউম্যান রাইটস

স্টাফ রিপোর্টার ॥ এ্যাসোসিয়েশন ফর হিউম্যান রাইটস দরিদ্র মেধাবী ছাত্রছাত্রীদের বৃত্তির মাধ্যমে লন্ডনে পড়ার সুযোগ দিচ্ছে। সম্প্রতি এক সংবাদ সম্মেলনে এ কথা জানানো হয়। সংবাদ সম্মেলনে মূল বক্তব্য উপস্থাপন করেন এ্যাসেসিয়েশনের সেক্রেটারি জেনারেল ড. কামরুল আহসান। তিনি জানান, বাংলাদেশসহ প্রতিবেশী দু'টি দেশে যারা ইচ্ছা থাকা সত্ত্বেও লন্ডনে পড়ার সুযোগ পায় না তাদের বৃত্তির আওতায় নিয়ে এসে পড়ালেখার সুযোগ দেয়া হচ্ছে। লন্ডন স্কুল অব বিজনেসে প্রতিবছর ১২০ মেধাবী ছাত্রছাত্রীকে বৃত্তি দেয়ার উদ্যোগে নেয়া হয়েছে। এর মধ্যে ৮০ শতাংশ কোটা বাংলাদেশী ছাত্রছাত্রীদের জন্য নির্ধারিত আছে। এ জন্য আগামী ১৩ জুলাই ঢাকা ব্রিটিশ কাউন্সিলে ও ১৫ জুলাই সিলেট ব্রিটিশ কাউন্সিলে মেধা যাচাই পরীক্ষা অনুষ্ঠিত হবে। মোট ১০০ পয়েন্টে একজন পরীক্ষার্থীকে মূল্যায়ন করা হবে। এর মধ্যে ২৫ পয়েন্ট একাডেমী ব্যাকগ্রাউন্ড, ২০ পয়েন্ট আইইএলটিএসের ফল, ১০০টি নৈর্ব্যক্তিক অভিজ্ঞতায় ২৫ পয়েন্ট, ১৫ পয়েন্ট কম্পোজিশন রাইটিং এবং ১৫ পয়েন্ট মৌখিক পরীক্ষার ভিত্তিতে নির্ণয় করা হবে। এই পরীক্ষায় সহযোগিতা দেবে ব্রিটিশ কাউন্সিল। ২৫ জুলাই বসুন্ধরা সিটির এটিএন বাংলা স্টুডিও থেকে সরাসরি সম্প্রচারিত অনুষ্ঠানের মাধ্যমে ফল প্রচার করা হবে।